বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন
মুখপাত্র
www.sec.gov.bd

সূত্র নং- বিএসইসি/ মুখপাত্র/০২/২০২৪/১৫৯

তারিখ: ২৮ শ্রাবণ ১৪৩২ বঙ্গাব্দ
১২ আগস্ট ২০২৫ খ্রিষ্টাব্দ

# প্রেস বিজ্ঞপ্তি

**বিষয়: ৯৬৮তম কমিশন সভা।**

বিএসইসি'র চেয়ারম্যান জনাব খন্দকার রাশেদ মাকসুদ এর সভাপতিত্বে ৯৬৮তম কমিশন সভা অদ্য ১২/০৮/২০২৫ তারিখে কমিশনের সভা কক্ষে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়েছে:

১। অদ্যকার কমিশন সভায় পুঁজিবাজার সংস্কার টাস্কফোর্সের সুপারিশসমূহ বিবেচনায় নিয়ে এবং বিনিয়োগকারীদের বিনিয়োগের সর্বোচ্চ সুরক্ষা নিশ্চিতের লক্ষ্যে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (মার্জিন) বিধিমালা, ২০২৫ এর খসড়া অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয়। এছাড়া, Margin Rules, 1999 রহিত করার জন্য Margin (Repeal) Rules, 2025 এর খসড়াও সভায় অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয়। মার্জিন ঋণ অর্থায়নকারী হিসেবে স্টক ব্রোকার এবং মার্চেন্ট ব্যাংকার ও পোর্টফোলিও ম্যানেজার উভয়ের জন্যই খসড়া 'বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (মার্জিন) বিধিমালা, ২০২৫' প্রযোজ্য হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। খসড়া 'বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (মার্জিন) বিধিমালা, ২০২৫' শুধুমাত্র ইক্যুইটি সিকিউরিটিতে মার্জিন অর্থায়নের জন্য প্রযোজ্য হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। খসড়া বিধিমালাদ্বয় জনমত যাচাইয়ের জন্য কমিশনের ওয়েবসাইট ও পত্রিকায় প্রকাশ করা হবে।

২। চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ (সিএসই) কর্তৃক উহার ৩৫% ব্লকড শেয়ার ঢাকা স্টক এক্সচেঞ্জ (ডিএসই)-এ তালিকাভুক্ত করার অনুমোদন চেয়ে করা আবেদনটি নিম্নোক্ত কারণে নামঞ্জুরের সিদ্ধান্ত গৃহীত হয়:

ক) সরকারি মালিকানাধীন কোম্পানি ব্যতীত অন্য কোন কোম্পানির শেয়ার স্টক এক্সচেঞ্জে সরাসরি তালিকাভুক্তিতে নিষেধাজ্ঞা থাকা;

খ) ২০% প্রাইভেট প্লেসমেন্ট ও ১৫% পাবলিক প্লেসমেন্ট এর মাধ্যমে অফলোড বা তালিকাভুক্ত এর বিষয়টি 'এক্সচেঞ্জেস ডিমিউচ্যুয়ালাইজেশন আইন, ২০১৩' এর সাথে সাংঘর্ষিক হওয়া;

গ) আবেদনকারীর মূল ব্যবসা (core business) হতে পরিচালন মুনাফা (operating profit) না থাকা;

ঘ) আবেদনের সহিত ইনফরমেশন ডকুমেন্ট বা প্রসপেক্টাস সংযুক্ত না করা; এবং

ঙ) পরিচালনা পর্ষদ সভা এবং শেয়ারহোল্ডারদের সাধারণ সভার সিদ্ধান্তের কপি সংযুক্ত না করা।

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) এর পক্ষে

১২/০৮/২০২৫

মোঃ আবুল কালাম
পরিচালক ও মুখপাত্র